We draw attention to the provisions of Section 13(8) of the SARFAESI Act and the Rules framed there under which deals with your rights of redemption over the securities.

DESCRIPTION OF THE IMMOVABLE PROPERTY

Mortgaged Assets : CERSAI ASSET ID : 200018764331 : SECURITY INTEREST ID : 400018806185

All that piece and parcel of residential flat on South side 3 rd Floor, 186/4, G. L. T. Road measuring about 550 Sq. ft. super built up area, consisting of 2 Bedroom, 1 Drawing cum dining room, 1 Kitchen, 1 Toilet and Balcony in a G+3 storied residential Building. Alongwith undivided proportionate share of Land measuring 2.00 Cottah under Mouza - Bon hoogly, Old Dag Nos. 2122, 2123, 2124, R. S. Dag No. 2124/2272, Khatian No. 333, Touzi No. 3027. Premises No. 186/4, Ward No. 12, G. L. T. Road, P. S. - Baranagar, P. O. - Alambazar, District : North 24 Paraganas, Kolkata - 700035 as given in the schedule hereunder belonging to you. **Owners : Late Ranjit Das, Mrs. Rita Das, Avijit Das & Tushar Kumar Das. Boundary of the Building -** On the North : By 22' ft. wide Municipal Road, On the South : By Premises No. 186/6, G. L. T. Road, On the East : By 186/4/1,G. L. T. Road, On the West : By 22' ft. wide Municipal Road.

Date : 12.06.2025
Place : Kolkata

Authorised Officer
Indian Bank

শহরের খবর

এনআরএস হাসপাতালের ফার্মাসিস্টের বিরুদ্ধে ওষুধ পাচারের অভিযোগ

উজ্জ্বল দত্ত, কলকাতা : সরকারি হাসপাতালে ওষুধ পাচারের অভিযোগ নতুন নয়। বহির্বিভাগে সাধারণ মানুষের জন্য বরাদ্দ ওষুধ পাচারের অভিযোগ উঠেছে। এর জেরেই আর জি কর মেডিক্যাল কলেজ হাসপাতালে এক তরুণী ডাক্তারকে ধর্ষণ করে খুনের অভিযোগে তোলপাড় হয়েছে গোটা রাজ্য তথা দেশ। এবার এন আর এস হাসপাতালের ওপিডি'র ফার্মাসি ইনচার্জের বিরুদ্ধে ওষুধ পাচার নিয়ে এমএসভিপি'র কাছে অভিযোগ জমা পড়েছে। সরকার হাসপাতাল সূত্রে খবর, নিয়মানুযায়ী ডাক্তারদের দেওয়া স্লিপের ভিত্তিতে রোগীরা ওষুধ পান। এই সরকারি হাসপাতালে কারসাজি করেছেন অভিযুক্ত এক ফার্মাসিস্ট।

অভিযোগ, নিজেই ডাক্তার সেজে স্লিপ তৈরি করেছেন। তার ভিত্তিতে ওষুধ নিয়ে সেসব অন্যত্র পাচার করেছেন। বহির্বিভাগের ওপিডি থেকে ডায়াবিটিস, হৃদরোগ, স্ত্রী রোগের ওষুধ পাচার করা হয়েছে বলে অভিযোগ। ওই ফার্মাসিস্টের বিরুদ্ধে এমএসভিপি-র কাছে অভিযোগ জানান এনআরএস হাসপাতালের কর্মীরা। ওষুধ পাচারের অভিযোগ অবশ্য খারিজ করে দিয়েছেন অভিযুক্ত ফার্মাসিস্ট। তাঁর যুক্তি, তিনি শাসকদলের সংগঠন করেন। সেজন্য তাঁর বিরোধী সংগঠনগুলো এই ষড়যন্ত্র করছে। মিথ্যে অভিযোগ করছে। হাসপাতালের অ্যাডিশনাল মেডিক্যাল সুপার শর্মিলা মৌলিক অবশ্য বলেন, 'একটা অভিযোগ জমা পড়েছে। এমএসভিপি দেখছেন। এর বেশি আমি কিছু বলতে পারব না।' এনআরএসের এমএসভিপি মানবেন্দ্র সরকারকে এনিয়ে প্রশ্ন করা হলে তিনি বিষয়টা এড়িয়ে যান। ওষুধ পাচারের অভিযোগ নিয়ে সরব হয়েছে মেডিক্যাল সার্ভিস সেন্টার। তাদের রাজ্য সম্পাদক বিপ্লব চন্দ্র বলেন, 'প্রতিদিন ২৪ ঘণ্টায় ২৪টির বেশি দুর্নীতি সরকারি মেডিক্যাল কলেজগুলোতে ঘটে চলেছে। দেখা যাবে, তারাই দুর্নীতি করে পার পেয়ে যাচ্ছে, যারা তৃণমূল দলের সঙ্গে প্রত্যক্ষভাবে যুক্ত। এনআরএসের এই দুর্নীতি খতিয়ে দেখা যাবে, শাসকদলের ডাক্তারদের নেতা থেকে পদস্থ অফিসার, অনেকেই জড়িত রয়েছেন।' জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্সের সদস্য পবিত্র গোস্বামী বলছেন, 'এই সরকারের আমলে দেখা যাচ্ছে, শাসকদলের যে সংগঠন, সেগুলো তাদের ভূমিকা পালন করছে না। অন্য সংগঠনগুলোকে কাজ করতে দেওয়া হচ্ছে। সরকারের ওষুধ কোথায় যাচ্ছে, কেউ জানে না।' এনআরএস মেডিক্যাল কলেজে ওষুধ পাচারের অভিযোগ নিয়ে তৃণমূল কংগ্রেসের মুখপাত্র কুণাল ঘোষ বলেন, 'যদি এমন ঘটনা ঘটে, তবে তার অবশ্যই তদন্ত হবে। ঘটনা সত্যি হলে অভিযুক্তের অবশ্যই শাস্তি পাওয়া উচিত।'

ধৃত আরিয়ানকে নিয়ে বাঁকড়ার ফ্ল্যাটে তল্লাশি

ভাস্কর বিশ্বাস, হাওড়া : সোদপুর নির্যাতিতা-কাণ্ডে ধৃত আরিয়ানকে নিয়ে বাঁকড়ার ফ্ল্যাটে তল্লাশি চালায় পুলিশ। সোদপুরের তরুণীকে নির্যাতনের ঘটনায় অভিযুক্ত শ্বেতা খান ও আরিয়ান খানকে আগেই গ্রেফতার করে নিজেদের হেফাজতে নিয়েছে পুলিশ। রবিবার গভীর রাতে আরিয়ান খানকে সঙ্গে নিয়ে বাঁকড়ার ফকিরপাড়ার ফ্ল্যাটে তল্লাশি চালানো হয়। তদন্তকারীরা ফ্ল্যাট থেকে বাজেয়াপ্ত করেন বেশকিছু জিনিস। যার মধ্যে রয়েছে নির্যাতিতার মোবাইল, ল্যাপটপ, কাঁচি। এছাড়াও সিসিটিভির ফুটেজ বাজেয়াপ্ত করা হয়। পুলিশি জেরায় শ্বেতা ও আরিয়ান দু'জনেই পুলিশকে জানিয়েছে, তাদের বিরুদ্ধে ওঠা অভিযোগ মিথ্যা।

ভাটপাড়ায় ৩৫টি পুকুর ভরাটের অভিযোগ অর্জুনের

প্রতীতি ঘোষ, বারাকপুর : ভাটপাড়া পুরএলাকার ৩৫টি পুকুর অবৈধভাবে ভরাট করার অভিযোগ এনেছেন প্রাক্তন সাংসদ। অভিযোগ কিছুটা সত্যি বলে মেনে নেন ভাটপাড়া পুরসভার উপপুরপ্রধান। রাজ্য সরকার পুকুর ভরাট নিয়ে সব সময় কড়া মনোভাব দেখিয়েছে। বারবার মুখ্যমন্ত্রী নিজে পুরসভাগুলোকে পুকুর ভরাট বন্ধ করতে কড়া পদক্ষেপ নেওয়ার কথাও বলেছেন। তা সত্ত্বেও ভাটপাড়া পুরসভার বিরুদ্ধে এবার গুরুতর অভিযোগ উঠেছে। এই পুরএলাকায় ৩৫টি পুকুর ও জলাজমি রাতারাতি বুজিয়ে ফেলার অভিযোগ উঠেছে। এমনকী আইনি নোটিশ থাকা সত্ত্বেও সেই পুকুরের বেশিরভাগ ফের খুঁড়ে আগের রূপে এনে দেয়নি পুর কর্তৃপক্ষ। এমন অভিযোগ এনেছেন প্রাক্তন সাংসদ তথা ভাটপাড়া পুরসভার প্রাক্তন পুরপ্রধান অর্জুন সিং। তাঁর আরো দাবি, ভাটপাড়া পুরসভার পুরপ্রধান রেবা রাহার সই জাল করে চলছে দেদার লুঠ। সরকারিভাবে ৩৫টি পুকুর ভরাট দেখানো হলেও এর প্রকৃত সংখ্যা ৩৫০ ছুঁইছুঁই। আর বিডিও অফিস বিএলআরও অফিস সব জেনেও চুপ। কারণ এগুলো সাংসদ পার্থ ভৌমিক ঘুঘুর বাসা তৈরি করে ফেলেছেন। এদিন অর্জুন সিং দাবি করেন, 'পুরপ্রধানের সই নকল করে অবৈধ কাজ চলছে আর এই মারাত্মক অভিযোগ ডিএম নবান্নে মমতা বন্দ্যোপাধ্যায়কে রিপোর্ট করেছেন। এখানে জমির ভৌগোলিক চরিত্র বদলে দেওয়া হচ্ছে। সরকারিভাবে স্বীকৃত পুকুরকে নির্দ্বিধায় ভরাট করা চলছে। আর বিএলআরও দফতর সব জেনেও চুপ। জলাশয় ভরাট করা নিয়ে যে আইন আছে তা পুলিশ, পুরসভা, বি এল আর ও দফতর কেউ মানছে না।' তবে জলাজমি ভরাটের এই অভিযোগ নিয়ে ভাটপাড়া পুরসভার উপ পুর প্রধান দেবজ্যোতি ঘোষ বলেন, 'পুকুর ভরাটের ঘটনা সত্যি তবে অভিযোগ পেলেই ভরাট আটকে দেওয়া হচ্ছে। আইনের দ্বারস্থ হয়ে আইনি নোটিশ দেওয়া হয় অভিযুক্তদের। তবে পুরপ্রধানের সই জাল হওয়ার অভিযোগ পুলিশ আর পুরপ্রধান বলতে পারবেন কারণ এটা আইনশৃঙ্খলা সংক্রান্ত বিষয়।'

ইউআইটিতে ছাত্র বিক্ষোভ

বিপুন ভট্টাচার্য, বর্ধমান : নির্দিষ্ট সময়ের মধ্যে পরীক্ষার ফী জমা দিতে না পারায় বর্ধমানের ইউনিভার্সিটি ইনস্টিটিউট অফ টেকনোলজির (ইউআইটি) বেশ কয়েকজন পড়ুয়ার ষষ্ঠ সেমিস্টারের পরীক্ষা দেওয়া অনিশ্চিত হয়ে পড়েছে। এই ঘটনায় সোমবার ওই পড়ুয়ারা ইউআইটিতে ব্যাপক বিক্ষোভ দেখান। পড়ুয়াদের অভিযোগ, তাঁরা পরীক্ষার ফর্ম ফিলাপ করতে পারছেন না, পোর্টালে নাম নেই। এবার বিশ্ববিদ্যালয় দেরি করে রেজাল্ট বার করায় পড়ুয়াদের স্টুডেন্ট লোনের জন্য আবেদন করতে দেরি হয়েছে। তাই তাঁরা সময় মতো পরীক্ষার ফী জমা করতে পারেননি। আরও কিছুটা সময় পেলে পরীক্ষার ফী দিতে পারবে। তাঁদের দাবি, এখনই পোর্টালে পড়ুয়াদের নাম অন্তর্ভুক্ত করে তাঁদের পরীক্ষার ব্যবস্থা করুক ইউআইটি কর্তৃপক্ষ। পড়ুয়ারা জানিয়েছেন, এই পরীক্ষায় বসতে না পারলে তাঁদের ভবিষ্যতে অনিশ্চয়তা দেখা দেবে। কলেজের ভারপ্রাপ্ত প্রিন্সিপাল সুনীল কারফর্মা জানান, 'রেজাল্ট সময় মতোই বার করা হয়েছে। কিছু ছাত্রছাত্রীর ফী না দেওয়ার মানসিকতা এখানে কাজ করে। ইউ আই টির ছাত্রছাত্রীদের ফী'র টাকায় স্টাফদের মাইনে থেকে কলেজ রক্ষণাবেক্ষণ সব কিছুই হয়। প্রায় ২০০জন ছাত্রছাত্রী এবার সময়ে ফী জমা করেনি। তাই পোর্টালে তাদের নাম নেই।'

দুর্গাপুরে নিখোঁজ ছাত্রী

সুবীর রায়, দুর্গাপুর : রবিবার বিকেল থেকে দুর্গাপুরের বাসিন্দা সিআইএসএফ স্কুলের নবম শ্রেণির ছাত্রী নিখোঁজ। রাত অবধি সেই ছাত্রীর কোনো খোঁজ পায়নি পরিবারের লোকেরা। এনিয়ে উদ্বিগ্ন পরিবারের লোকেরা রাতেই অভিযোগ দায়ের করেন দুর্গাপুর থানায়। নিখোঁজ হয়ে যাওয়া ছাত্রীর মা রিতা কুমারী বলেন, 'আমার মেয়ে পড়ালেখায় যথেষ্ট ভালো। স্বভাব চরিত্রও যথেষ্ট ভালো। বুঝে পাচ্ছি না মেয়ে কোথায় গেল।' পুলিশ তদন্ত শুরু করেছে।

অনিকেতের বিরুদ্ধে পদক্ষেপ নয় : হাই কোর্ট

আদালত সংবাদদাতা, হাই কোর্ট : জুনিয়র ডাক্তার অনিকেত মাহাতো পোস্টিং না নিলেও তাঁর বিরুদ্ধে কোনো কড়া পদক্ষেপ করা যাবে না। মৌখিকভাবে জানাল কলকাতা হাই কোর্ট। সোমবার বিচারপতি বিশ্বজিৎ বসুর মৌখিক নির্দেশ, মামলা বিচারাধীন থাকা অবস্থায় পোস্টিং না নিলেও অনিকেতের বিরুদ্ধে পদক্ষেপ করতে পারবে না রাজ্য। রাজ্যের যুক্তি, স্নাতকোত্তর স্তরে অনিকেতের র‍্যাঙ্ক ২৪। আর জি করেই মেধার ভিত্তিতে কাজ করতে দিতে হবে, এটা তিনি কী করে দাবি করতে পারেন? পাশাপাশি, এই মামলায় রাজ্যের কাছে হলফনামা চেয়েছে আদালত। অন্য ২ জুনিয়র ডাক্তার দেবাশিস হালদার ও আসফাকুল্লা নাইয়ারের মামলাতেও হলফনামা দেবে রাজ্য। আগামী মঙ্গলবার এই মামলার পরবর্তী শুনানি। প্রসঙ্গত, 'পোস্টিং' বিতর্কে হাই কোর্টের দ্বারস্থ হন অনিকেতরা। তাঁদের বক্তব্য, কাউন্সিলিং পদ্ধতি না মেনে পোস্টিং করা হয়েছে।

কুলটিতে পানীয় জলের দাবিতে বিজেপির বিক্ষোভ

রবীন্দ্রনাথ প্রামাণিক, কুলটি : ৩ বছর আগে আসানসোল পুরনিগমের ১৭ নং ওয়ার্ড তথা কুলটির বসুমাতা মন্দিরের লাগোয়া এলাকায় পুরনিগমের ওয়াটার রিজার্ভারের ছাদ ধসে গেছে। পাশাপাশি ওই রিজার্ভার থেকে পরিশোধিত পানীয় জল সরবরাহ ব্যাহত হচ্ছে বলে অভিযোগ। বাসিন্দাদের অভিযোগ, রিজার্ভার সারানোর জন্য ৩বার টেন্ডার হলেও কাজ শুরু হয়নি। ফলে এলাকায় পানীয় জল যতটুকু সরবরাহ হয় তা একরকম দূষিত ও ঘোলাটে। এই পরিস্থিতি থেকে রেহাই পেতে সোমবার কুলটিতে স্থানীয় বিজেপি কাউন্সিলর লালন মেহেরার নেতৃত্বে স্থানীয়রা কুলটি বোরো অফিসে বিক্ষোভ দেখান ও পুরনিগমের মেয়রকে এক স্মারকলিপি জমা দেন। তাঁরা দাবি করেন, এখনই পরিশোধিত পানীয় জল সরবরাহ না হলে বৃহত্তর আন্দোলন গড়ে তুলবে।

খান্দরায় বৃদ্ধাশ্রমে স্বাস্থ্য শিবির

অগ্নি বন্দ্যোপাধ্যায়, অণ্ডাল : অণ্ডাল থানা ও উখড়া পুলিশ ফাঁড়ির উদ্যোগে বৃদ্ধাশ্রমের আবাসিকদের জন্য অণ্ডালের খান্দরা উদবর্তন বৃদ্ধাশ্রমে স্বাস্থ্যপরীক্ষা শিবিরের আয়োজন করা হয়। ছিলেন ডিসি (পূর্ব) অভিষেক গুপ্তা, এসিপি (অণ্ডাল) পিন্টু সাহা, সিআই (অণ্ডাল) পিন্টু মুখোপাধ্যায়, আইপিএস তাজশ্রী রানা। এছাড়াও ছিলেন অণ্ডাল, পাণ্ডবেশ্বর, দুর্গাপুর ফরিদপুর থানা ও উখড়া পুলিশ আউটপোস্টের আধিকারিকরা। স্বাস্থ্য পরীক্ষার পাশাপাশি এদিন বৃদ্ধাশ্রম চত্বরে গাছের চারা লাগানো হয়।

২৫ বছর পর ঘরে ফিরল ছেলে

নিজস্ব সংবাদদাতা, হুগলি : সিঙ্গুরের বলরামবাটি থেকে কাজের টোপ দিয়ে ১২ বছর বয়সে সমর মালিককে অন্য রাজ্যে নিয়ে গিয়েছিল স্থানীয় স্বর্ণকার। কয়েক বছর পর নিখোঁজ হয়। ২৫ বছর পর রবিবার সকালে ঘরে ফেরেন। জানা গেছে, সমর মালিক ও আরেকজন নাবালককে কাজের টোপ দিয়ে বাড়ি থেকে জয়পুর নিয়ে যায় বলরামবাটি এলাকার এক স্বর্ণকার। প্রথম ২ বছর যোগাযোগ ছিল পরিবারের সঙ্গে। পরে হঠাৎই পরিবারের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। অথচ মধ্যস্থকারী স্বর্ণকার জানান সে ভালো আছে। কিন্তু তারপর থেকে আর পরিবারের সঙ্গে তাঁর যোগাযোগ হয়নি। আচমকা রবিবার বাড়ি ফেরায় হতবাক বাড়ির লোকরা। সমর মালিক জানান, জয়পুরে যেখানে কাজ করছিলেন সেখানে তাঁকে প্রচণ্ড মারধর করা হয়। সেখান থেকে বেরিয়ে ঘুরতে ঘুরতে এক রেস্তরাঁয় কাজে লাগেন। দিনরাত পরিশ্রম করলেও খাবার ছাড়া কোনো কিছুই জুটত না। শেষমেষ অন্য জায়গা থেকে ১ হাজার টাকা জোগাড় করে জয়পুর থেকে হাওড়ার টিকিট কেটে উঠে পড়ে ট্রেনে। হাওড়া স্টেশনে নেমে লোকজনকে জিজ্ঞাসা করে চলে আসেন বলরামবাটি। তবে এরমধ্যে সমর মালি বাংলা ভাষা পুরোপুরি ভুলে গেছে। হিন্দিই এখন তাঁর কাছে যোগাযোগের প্রধান মাধ্যম। তবে আর অন্য রাজ্যে ফিরে যেতে চায় না।

OFFICE OF THE GUABERIA GRAM PANCHAYAT
E-TENDER NOTICE

Notice inviting e-Tender on behalf of Pradhan, Guaberia G.P. vide e-NIT No.- "01/GGP/2025-2026,02/GGP/2025-2026,03/GGP/2025-2026" from 17.06.2025 at 10.00 Hours to 23.06.2025 up to 14.00 Hours. For Details visit website www.wbtenders.gov.in & other details may be seen through Gram Panchayat Office Notice Board during office hours.

Sd/-
Pradhan,
Guaberia Gram Panchayat

NOTICE INVITING E-TENDER

The Pradhan, Ramani Mohan Maity Gram Panchayat, Mahishadal Development Block, Purba Medinipur invites percentage rate tender through e-tendering, N.I.T. No.- WBGP/RMMGP/03/2025-26, SL NO-01 to 06, Memo No.- 230 /RMMGP/2025 Dated 16/06/2025 on and from 16/06/2025 to 23/06/2025 up to 4.55 PM. for Concrete road and N.I.T. No.-WBGP/RMMGP/04/2025-26, SL NO-01 to 05 Memo No.- 231/RMMGP/2025 Dated 16/06/2025 on and from 16/06/2025 to 23/06/2025 up to 4.55 PM for Tube well and Submersible and N.I.T. No.- WBGP/RMMGP/05/2025-26, SL NO-01 to 03, Memo No.- 232 /RMMGP/2025 Dated 16/06/2025 on and from 16/06/2025 to 23/06/2025 up to 4.55 PM. For drain under Ramani Mohan Maity Gram Panchayat. Intending bidders may access detailed information at http://www.wbtenders.gov.in

Sd/-
Pradhan
Ramani Mohan Maity Gram Panchayat

ওয়্যারস অ্যান্ড ফেব্রিক্স (এস.এ.) লিমিটেড

রেজিস্টার্ড অফিস: ৭, চিত্তরঞ্জন অ্যাভেনিউ, কলকাতা - ৭০০ ০৭২
টেলিফোন নং : ০৩৩ ৪৪০৭ ৩৮৭৩, ওয়েবসাইট : www.wirefabrik.com,
ই-মেল : cs@wirefabrik.com; CIN : L29265WB1957PLC023379

বিজ্ঞপ্তি
কোম্পানির ইক্যুইটি শেয়ার ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ডে (আইইপিএফ) হস্তান্তর

কোম্পানিজ অ্যাক্ট ২০১৩ (অ্যাক্ট)-এর প্রযোজ্য সেকশন ১২৪(৬) সহ ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড অথরিটি (অ্যাকাউন্টিং, অডিট, ট্রান্সফার অ্যান্ড রিফান্ড) ২০১৬, (রুলস) অনুযায়ী যেসব শেয়ারের লভ্যাংশ দাবিহীন অবস্থায় পরপর সাত বছর বা তার বেশি সময় ধরে রয়েছে সেগুলি আইইপিএফ অ্যাকাউন্টে হস্তান্তর করা হবে। কোম্পানিগুলির কাছে অনুরোধ করা হচ্ছে, তার শেয়ারহোল্ডারদের, যাদের শেয়ার আইইপিএফ কর্তৃপক্ষের কাছে হস্তান্তরযোগ্য, তাদের সর্বশেষ জানা ঠিকানায় শেয়ার হস্তান্তরের তিন মাস পূর্বে এবং একইসঙ্গে সংবাদপত্রে বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করে জানিয়ে দিতে। এই বিজ্ঞপ্তিটি উক্ত অ্যাক্ট ও রুলসের শর্ত মেনে প্রকাশ করা হচ্ছে।

কোম্পানীর দাবিহীন লভ্যাংশ দাবি করার জন্য সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারদের আইইপিএফ অথরিটির কাছে রুল অনুযায়ী ইক্যুইটি শেয়ার স্থানান্তর হওয়ার আগে প্রত্যেককে তাদের সর্বশেষ জানা ঠিকানায় আলাদা ভাবে বিজ্ঞপ্তি পাঠিয়ে দিয়েছে। শেয়ারহোল্ডারদের তাদের লভ্যাংশ জন্য ১০ সেপ্টেম্বর, ২০২৫ তারিখের মধ্যে দাবি করার অনুরোধ করা হচ্ছে। কোম্পানী সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারদের বিশদ বিবরণ পাওয়া যাবে এই ওয়েবসাইটে : www.wirefabrik.com.

১০ সেপ্টেম্বর,২০২৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট সদস্যরা যদি লভ্যাংশ দাবি না করেন তবে তাদের সমস্ত দাবিহীন লভ্যাংশ ও ইক্যুইটি শেয়ার আর কোনো বিজ্ঞপ্তি জারি না করেই আইইপিএফ-এর অ্যাকাউন্টে স্থানান্তর হয়ে যাবে ও কোম্পানী বা কোম্পানীর রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্টের কাছে দাবিহীন লভ্যাংশ এবং ইক্যুইটি শেয়ারের ব্যাপারে কোনো অভিযোগ করা যাবে না।

শেয়ারগুলি যদি :

- ফিজিক্যাল মাধ্যমে শেয়ারের অধিকারী হন : প্রয়োজনীয় নিয়মানুযায়ী আপনার নামে নতুন শেয়ার সার্টিফিকেট (গুলি) ইস্যু করা হবে ও আইইপিএফ-এ হস্তান্তরিত হবে। সুতরাং, আপনার নামে নথিভুক্ত আসল যে শেয়ার সার্টিফিকেট (গুলি) আছে সেগুলি বাতিল ও অকার্যকরী বলে বিবেচিত হবে।
- ডিম্যাট মাধ্যমে শেয়ারের অধিকারী হন : আপনার নামে ডিম্যাট অ্যাকাউন্টে থাকা শেয়ার আইইপিএফ-এ হস্তান্তরের জন্য কোম্পানি কর্পোরেট নিয়মে ডিপোজিটরিকে বিজ্ঞপ্তি পাঠাবে।

শেয়ারহোল্ডাররা মনে রাখবেন যে, আইইপিএফ অথরিটির কাছে শেয়ার ট্রান্সফার হলে, সংশ্লিষ্ট শেয়ার থেকে প্রাপ্ত সব দাবিহীন লভ্যাংশ ও ইক্যুইটি শেয়ার, যদি থাকে, পুনরায় দাবি করা যাবে তবে তার জন্য আইইপিএফ-৫ ফর্মে আইইপিএফ-এর কাছে আবেদন করতে হবে যেটি পাওয়া যাবে আইইপিএফ-এর ওয়েবসাইট : www.iepf.gov.in ও এছাড়াও এই আবেদন পত্রটি যথাযথভাবে স্বাক্ষর করে প্রয়োজনীয় নথিপত্র কোম্পানীর রেজিস্টার্ড অফিসে যাচাইয়ের জন্য পাঠাতে হবে।

যদি কোনো বিষয়ে কারো কোনো জিজ্ঞাসা থেকে থাকে, তাহলে অনুগ্রহ করে কোম্পানির আরটিএ, এবিএস কনসালট্যান্ট প্রাইভেট লিমিটেড, ৯৯, স্টিফেন হাউস, ষষ্ঠ তল, ৪, বিবাদি বাগ (পূর্ব), কলকাতা, পশ্চিমবঙ্গ ৭০০০০১, টেলিফোন : ০৩৩-২২৪৩ ১০৫৩ / ২২২০ ১০৪৩, ই-মেল : absconsultant99@gmail.com, ওয়েবসাইট : www.absconsultant.com-এ যোগাযোগ করতে পারেন।

ওয়্যার্স অ্যান্ড ফ্যাবরিক্স (এস.এ.) লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
(বিশ্বজিৎ সিং)
কোম্পানী সচিব ও কমপ্লায়েন্স অফিসার

স্থান : কলকাতা
তারিখ : ১৬ জুন, ২০২৫

PUBLIC NOTICE

NOTICE is hereby given that I am Advocate Debashree Mazumdar, wife of Tapas Mazumdar, resident of Court More, Rabindra Nagar, Asansol- 713304, Dist. Paschim Bardhaman declare that My client Rawson Sheikh, son of Kawsar Sheikh, resident of Banapukur, Samudragarh, P.S. Nandanghat, Dist. Purba Bardhaman, Pin-713519 has lost/mislaid one Prior Deed being No. I-4648/2002 dated 11.11.2002 in favour of Khayrul Khan, registrar before ADSR Purbasthali, Dist. Purba Bardhaman with respect to land measuring an area of 6 decimal Comprised in Plot No. 815 within Mouza- Arjunpukur, J.L. No. 152, P.S. Purbasthali, ADSR Office Purbasthali, Dist- Purba Bardhaman from his custody and consequently an GDE was registered with Nandhanghat Police Station vide GDE No. 622 dated 10.06.2025. Therefore any person/s having any right, title or interest or any claim, demand or objection of any nature whatsoever against or in respect of the Said Property or any part thereof is hereby requested to notify the same in writing to the undersigned with supporting documentary evidence within **7 days** from the date hereof, failing which no such claims, demands, objections etc. shall be entertained and the said Property shall be considered as free from all encumbrances and the said owner shall be free to transfer, charge, mortgage or alienate the same in any manner whatsoever in favour of any person/s or institution whatsoever.

Smt. Debashree Mazumdar Advocate
Address : Asansol Court
Contact No. 9475940194 / 8918967150
Email ID : debashreemazumdar2017@gmail.com

DECLARATION

I, Hasibur Rahaman, S/o Md Nasiruddin, residing at Rampurhat New Bus Stand (North Side), Ward No. 07, P.O. & P.S. Rampurhat, Dist. Birbhum, Pin - 731224, do hereby declare vide Affidavit No. 2237/53 dated 21.03.2025, sworn before the Ld. Executive Magistrate, Malda, that the name of my minor youngest son shall be recorded in his Certificate of Birth as Zohan Rahaman in place of Md Zohan, the same having been rectified accordingly.

DEGANGA-II GRAM PANCHYET
P.S. - DEGANGA, NORTH 24 PARGANAS

টেন্ডার আই. ডি. 04/Deg-II/2025, দেগঙ্গা-২ গ্রাম পঞ্চায়েতের পক্ষ থেকে প্রকাশ করা হল। দয়া করে **wbtenders.gov.in** দেখুন।

প্রধান
দেগঙ্গা - ২ গ্রাম পঞ্চায়েত

সিপিআইয়ের পশ্চিম মেদিনীপুর জেলা সম্মেলনে নতুন সম্পাদক বিপ্লব ভট্ট

সুমনকুমার দাস, খড়্গপুর : সিপিআইয়ের পশ্চিম মেদিনীপুর জেলা কমিটির ২৬তম সম্মেলন হয়েছে মেদিনীপুর শহরের বিদ্যাসাগর হলে। শনি ও রবিবার ২দিনের সম্মেলন শেষে সর্বসম্মতভাবে ৫১ জনের কমিটি হয়। জেলা সম্পাদক হয়েছেন বিপ্লব ভট্ট ও সহ সম্পাদক হয়েছেন শিশির পাত্র ও পীযূষ মহন্ত। কোষাধ্যক্ষ চঞ্চল মাসান্ত। দলের রাজ্য সম্পাদক স্বপন বন্দ্যোপাধ্যায় বলেন, 'সিপিআই এখনো শেষ হয়ে যায়নি। আমাদের মতাদর্শে বিশ্বাসী কোনো নেতাই দল ছেড়ে অন্য দলে যাননি। যাঁরা বসে গেছেন, তাঁদের আবার দলে ফিরিয়ে আনতে হবে। তাহলেই দল আরও মজবুত হবে।' প্রথম দিন সম্পাদকীয় খসড়া প্রতিবেদন পেশ করেন বিদায়ী সম্পাদক অশোক সেন। দ্বিতীয় দিন এই প্রতিবেদনের ওপর ২২ জন প্রতিনিধি আলোচনা করেন। জবাবী ভাষণ দিতে গিয়ে বিদায়ী সম্পাদক বলেন, 'আমাদের আলোচনার মূল বিষয় সিপিআইকে শক্তিশালী করা। মতাদর্শ ও শৃঙ্খলার মধ্যে দিয়ে সেই দায়িত্ব পালন করতে হবে।' নতুন সম্পাদক বিপ্লব ভট্ট দলের পুরোনো কর্মী। তিনি শ্রমিক নেতা হিসেবে জেলায় পরিচিত। তিনি বলেন, 'দলের ভরসা রাখার চেষ্টা করব। সাংগঠনিকভাবে দলকে আরো মজবুত করাই লক্ষ্য।'

OFFICE OF THE EXECUTIVE OFFICER
AMDANGA PANCHAYAT SAMITY
Rafipur, Amdanga ,24 Parganas(N)

Abridged E-Tender Notice

Tender for NIT No.- **WBNPG/24 (3rd Call)/APS/2024-25 dated 16.06.2025.** is invited by the undersigned. Last date of submission is 24/06/2025 upto 16 Hours. The details of NIT may be viewed & downloaded from the website of Govt. of West Bengal **http://wbtenders.gov.in** & viewed from office notice board of the undersigned during office hours.

Sd/-
Executive Officer
Amdanga Panchayat Samity

NOTICE

My Client intends to purchase ALL THAT one self contained residential Flat No.302, having super build up area 691 sqft on the third floor of the building named Harsh Apartments along with undivided proportionate share of land common area, common facilities lying and situate at Mouza Shibpur, J L No.1, R.S.No.1994, Touzi No. 3989, Khatian No.378 at Premises No. 289, Sarat Chatterjee Road, P.S.-Shibpur, Howrah-711104, Ward No. 38 from the present owner Sri Rameshwar Prasad Rathi, son of Manik Lal Rathi. The original Deed no.06479 of 2010 dated 06.07.2010 registered in the office of the Additional Registrar of Assurance-I, office of the A.R.A-I, Kolkata recorded in Book No.I, CD Volume No.16, Pages 5370 to 5394 for the year 2010 lost from the custody of the owner. If any person have any right, title, interest, claim against the said flat inform the undersigned within 15 days from the date of publication. Otherwise no claim shall be entertained from any corner.

SIKTA ADAK, Advocate
Howrah Judges' Court
61/1, Dharmatala Lane,
Shibpur, Howrah-711102
(M)- 9874962461

নাম ও পদবি পরিবর্তন

আমি, Chumki Mardi D/o Dagru Murmu, গ্রাম + পোঃ - কুসুম্বা, থানা - রামপুরহাট, জেলা - বীরভূম, পশ্চিমবঙ্গ। আমার প্রকৃত নাম Chumki Mardi যাহা আমার আধার কার্ড, ভোটার কার্ড ও ডিজিটাল রেশন কার্ডে নথিভুক্ত আছে। কিন্তু আমার SBI Kiosk banking A/c. পরিচয়পত্রে ভুলবশত: আমার এবং পিতার নাম নথিভুক্ত হয়েছে - Hopan Murmu D/o Dugru Murmu. গত ০৯.০৬.২০২৫, বীরভূম জেলার রামপুরহাট কোর্টে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কর্তৃক এফিডেভিট দ্বারা ঘোষণা করছি যে আমি Chumki Mardi এবং Hopan Murmu এক এবং অভিন্ন ব্যক্তি। আমার পিতা Dagru Murmu এবং Dugru Murmu এক এবং অভিন্ন ব্যক্তি।

হুগলি জেলায় বাস ধর্মঘট প্রত্যাহার

অমিত চৌধুরী, হুগলি : বাস রাস্তায় বেআইনি অটো, টোটো, ট্রেকার নিয়ন্ত্রণে হুগলি জেলা জুড়ে সোমবার থেকে অনির্দিষ্টকাল বাস ধর্মঘটের ঘোষণা করেছিল বাস সংগঠন। লোকাল বাস সংগঠনকে সমর্থন করে সোমবার একদিনের জন্য ধর্মঘট করে এক্সপ্রেস বাস সংগঠন। সপ্তাহের প্রথম দিনে বাস না পেয়ে সমস্যায় পড়েন যাত্রীরা। সোমবার চুঁচুড়ায় পরিবহণ দফতরের বৈঠকে শর্তসাপেক্ষে বাস ধর্মঘট প্রত্যাহার ঘোষণা করে বাস সংগঠন। অটো, টোটো নিয়ন্ত্রণে নতুন পলিসি আনতে চলেছে রাজ্য সরকার জানান পরিবহণ মন্ত্রী। জেলার বৃহত্তম বাস স্ট্যান্ড তারকেশ্বর বাস স্ট্যান্ডে বাস ধরতে এসে ভোগান্তির শিকার হয় হাজার হাজার মানুষ। হাতে গোনা কয়েকটি ট্রেকার চলে স্ট্যান্ড থেকে। তাতেই বাদুর ঝোলা হয়ে গন্তব্যে যেতে বাধ্য হচ্ছেন অনেকে। সুযোগ বুঝে অতিরিক্ত ভাড়াও দাবি করা হচ্ছে। জেলা জুড়ে প্রতিদিন লোকাল ও এক্সপ্রেস মিলিয়ে প্রায় ৪৫০টি বাস চলাচল করে। ধর্মঘটের ফলে হুগলি জেলা ছাড়াও আরো ১১টি জেলায় নিত্যযাত্রীরা সমস্যায় পড়েন। আরামবাগ বাস, মিনি বাস ইউনিয়ন ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের সেক্রেটারি মধুমিতা ভট্টাচার্য বলেন, 'শর্তসাপেক্ষে ধর্মঘট প্রত্যাহার করা হয়েছে। বৈঠকে সিদ্ধান্ত হয়েছে আগামী কাল থেকে বেআইনি টোটো, অটো বন্ধে সক্রিয়ভাবে পদক্ষেপ করবে সরকার। আমরাও জানি এই কাজটি করতে ছয় থেকে নয় মাস সময় লাগবে। আগামী ১০ দিনের মধ্যে দাবি অনুযায়ী প্রশাসনের কাজ চোখে না পড়লে ফের অনির্দিষ্টকালের জন্য ধর্মঘটে যাব। আমরা টোটো, অটো বন্ধের পক্ষে নই। সরকারি নিয়ম মেনে চলুক। রাজ্য সরকার ও হাইকোর্টের যে রায় আছে তাকে মান্যতা দেওয়া হোক। শর্তসাপেক্ষে মঙ্গলবার থেকে বাস চলবে।' পরিবহণ মন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী জানান, 'রাস্তায় অটো, টোটো সহ অন্যান্য যানবাহন বেড়ে যাওয়ায় বাস পরিষেবা সচল রাখতে সমস্যায় পড়ছে বাস মালিকরা। এই বিষয়ে তাঁরা জানিয়েছেন। আমরা টোটো নিয়ে একটা পলিসি আনতে চলেছি। এটা বাস মালিকদের আগেও জানানো হয়েছিল। টোটোদের রেজিস্ট্রেশন করে নিয়মের মধ্যে আনা হবে। বাস, টোটো, অটো সকলেই যেন চলতে পারে, কারণ প্রত্যেকেই এর ওপর জীবিকা নির্বাহ করে। আশা করি তাড়াতাড়ি এই সমস্যার সমাধান হবে। বাস মালিকদের অনুরোধ করছি ধর্মঘট করে সমস্যার সমাধান হবে না।'

CHEVIOT

শেয়ারহোল্ডারদের প্রতি বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে, কর্পোরেট বিষয়ক মন্ত্রক দ্বারা জারি ০৫.০৫.২০২০ তারিখের জেনারেল সার্কুলার নম্বর ২০/২০২০, ১৯.০৯.২০২৪ তারিখের জেনারেল সার্কুলার নম্বর ০৯/২০২৪-সহ কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ অনুযায়ী কোম্পানির সদস্যদের ১২৭তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) ভিডিও কনফারেন্সিং (ভিসি) / অন্যান্য অডিও ভিস্যুয়াল মাধ্যমে (ওএভিএম) অনুষ্ঠিত হবে বৃহস্পতিবার, ০৭.০৮.২০২৫, সকাল ১১টায় (ভারতীয় সময়)।

কর্পোরেট বিষয়ক মন্ত্রক এবং সিকিওরিটিস অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া-এর জারি করা সার্কুলার অনুযায়ী, ৩১ মার্চ, ২০২৫ তারিখে সমাপ্ত বছরের বার্ষিক প্রতিবেদন সহ এজিএম-এর বিজ্ঞপ্তি কোম্পানীর সদস্যদের বৈদ্যুতিন মাধ্যমে সেই সব সদস্যকে পাঠিয়ে দেওয়া হয়েছে যাদের ই-মেল আইডি কোম্পানী / ডিপোজিটরি-এর কাছে নিবন্ধীকৃত রয়েছে এবং আপলোড করা হয়েছে কোম্পানীর ওয়েবসাইটে (গুলি) (www.cheviotgroup.com) ও কোম্পানী যেখানে নথিভুক্ত আছে অর্থাৎ স্টক এক্সচেঞ্জের (গুলি) ওয়েবসাইট বিএসই লিমিটেড-এর (www.bseindia.com) এবং ন্যাশনাল স্টক [illegible]

চেভিয়ট কোম্পানী লিমিটেড-এর পক্ষে
আদিত্য ব্যানার্জী
কোম্পানী সচিব ও কমপ্লায়েন্স অফিসার
FCS : 10954

কলকাতা, ১৬.০৬.২০২৫

यूको बैंक UCO BANK
(A Govt. of India Undertaking)

মিড কর্পোরেট দুর্গাপুর মেইন ব্রাঞ্চ (০১৩৮)
নাচন রোড, বেনাচিতি, দুর্গাপুর
জেলা- পশ্চিম বর্ধমান, পিন- ৭১৩২১৩

দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য) পরিশিষ্ট-IV [রুল-৮(১)]

যথারীতি, সিকিওরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিওরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এর নিয়মানুযায়ী নিযুক্ত ১৩(২) নং সেকশন ও সিকিওরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২ এর ৩ নং রুল অনুযায়ী প্রাপ্ত ক্ষমতা প্রয়োগে **ইউকো ব্যাঙ্কের** অনুমোদিত আধিকারিক ঋণগ্রহণকারীকে / জামিনদারকে দাবি বিজ্ঞপ্তি পাঠিয়ে বিজ্ঞপ্তিটি প্রকাশিত হওয়ার ৬০দিনের মধ্যে সুদ সহ সুনির্দিষ্ট বকেয়া শোধ করার আহ্বান জানিয়েছিলেন। ঋণগ্রহণকারীগণ উক্ত অর্থাঙ্ক পরিশোধ করতে ব্যর্থ হয়েছেন ও সেই কারণে ঋণগ্রহণকারীগণ / জামিনদারগণকে ও জনসাধারণের উদ্দেশ্যে জানানো হচ্ছে যে, ঋণগ্রহণকারীদের নিম্নোক্ত সম্পত্তিগুলির বিরুদ্ধে নিম্নে স্বাক্ষরকারী নীচে বর্ণিত সম্পত্তিটি উল্লিখিত অ্যাক্টের ১৩ নং সেকশন এর ৪ নং সাব সেকশন সহ উক্ত রুলস এর ৮ নং ধারা বলে নীচে উল্লিখিত তারিখে অধিগ্রহণ করেছে। বিশেষভাবে ঋণগ্রহণকারী / জামিনদার ও সার্বিকভাবে জনসাধারণকে সতর্ক করা হচ্ছে যে, কেউ যেন উক্ত সম্পত্তি নিয়ে কোনো ব্যবসায়িক কার্যকলাপ না করে, নচেৎ **ইউকো ব্যাঙ্ক,** প্রাপ্য বকেয়া সহ উক্ত অর্থাঙ্কের ওপর সুদ দাবি করবে। **উপরোক্ত বিবৃত আইনের সেকশন ১৩-এর সাব-সেকশান ৮ অনুযায়ী ঋণগ্রহণকারীর / জামিনদারের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, উক্ত সময়ের মধ্যে বন্ধক রাখা সম্পদ সুনিশ্চিত করুন।**

ঋণগ্রহণকারী / জামিনদারের নাম সহ ঠিকানা ও শাখার নাম	স্থাবর / অস্থাবর সম্পত্তির বিবরণ	ক) দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) দখল বিজ্ঞপ্তির তারিখ গ) প্রাপ্য বকেয়া
১. ঋণগ্রহণকারী: **মেসার্স শ্রী রামকৃষ্ণ বস্ত্রালয়** এ/সি নং- ০১৩৮০৫১০০০০৯৭৭ (সিসি), ০১৩৮০৬১০০১৪১৫৮ (জিই সিএল-টিএল), ০১৩৮০৬১০০১৬২৭৫ (টিএল) **প্রযত্নে- মি. রতন দেবনাথ,** পিতা- সুধীর চন্দ্র দেবনাথ, এস৫৮, রামকৃষ্ণপল্লী, রাজমোহন রোড, দুর্গাপুর, পশ্চিম বর্ধমান, পিন- ৭১৩২১৩ **জামিনদার- মিসেস অলকা দেবনাথ** স্বামী- মি. রতন দেবনাথ **শাখা : মিড কর্পোরেট দুর্গাপুর মেইন ব্রাঞ্চ (০১৩৮)**	(১) ০৭ ডেসিমল এলাকা যুক্ত জমি ও বিল্ডিং, যেটি আরএস প্লট নং- ১৬৩২ (হাল প্লট নং ২৯৬৯), জেএল নং- ১১৯, খতিয়ান নং- ১০৩৪৫, ১৩২৬৯, মৌজা- ভিরিঙ্গি, থানা- দুর্গাপুর, পশ্চিম বর্ধমানে রয়েছে। (২) ২০১৯ সালের ডিড নং- ০২০৬০০২৩৯, ২০১৩ সালের ডিড নং- ০৪০৭৫, ২০১৯ সালের ডিড নং- ০২০৬০৪১৫৯, ২০১২ সালের ডিড নং- ০৮০৩৫। **চৌহদ্দি :** উত্তরে- হীরা দেবনাথের বাড়ি, দক্ষিণে- রাস্তা, পূর্বে- রাস্তা, পশ্চিমে- মি. মাজির দ্বিতল বিল্ডিং।	১) ১২.০৭.২০২৪ ২) ১৬.০৬.২০২৫ ৩) ২৫.০৬.২০২৪ তারিখের হিসাবে **১,০৮,৭৫,৩৯৩.৫৩ টাকা** (এক কোটি আট লাখ পঁচাত্তর হাজার তিনশো তিরানব্বই টাকা ও তিপ্পান্ন পয়সা মাত্র) (৩১.০৫.২০২৪ তারিখ অবধি সুদসহ) এবং টাকা পরিশোধ হওয়া পর্যন্ত পরবর্তী সুদ, আনুষঙ্গিক ব্যয়, কস্ট ও চার্জ সহ।

তারিখ : ১৭.০৬.২০২৫ স্থান : দুর্গাপুর

অনুমোদিত আধিকারিক, ইউকো ব্যাঙ্ক